রেজিস্ট্রারের কার্যালয়
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০
www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-১২৪/২০২৫-১৪৯৬ তারিখঃ ২৮ ডিসেম্বর ২০২৫ খ্রি:

**পেশাগত নিবন্ধন (রেজিস্ট্রেশন) সংক্রান্ত নোটিশ**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০৪/০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন নার্সিং টেকনোলজি/পেশেন্ট কেয়ার টেকনোলজি কোর্স সম্পন্নকারীদের মধ্যে বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধীন অনুষ্ঠিতব্য লাইসেন্সিং পরীক্ষায় যে সকল প্রার্থী উত্তীর্ণ হয়েছেন এবং উত্তীর্ণ পরবর্তীতে হাতে কলমে ০৬ মাসের প্রশিক্ষণের জন্য দ্বিতীয় ব্যাচে কাউন্সিল নির্ধারিত দেশের বিভিন্ন হাসপাতালে যোগদান করেছেন।

০২। ১ম ব্যাচে যে সকল প্রশিক্ষণার্থী প্রশিক্ষণে অংশগ্রহণ করেন নি সে সকল প্রার্থী ও ২য় ব্যাচে ০৬ মাসের প্রশিক্ষণের শেষে সংশ্লিষ্ট হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সনদ প্রাপ্ত হয়েছেন তাদের কাউন্সিল হতে পেশাগত নিবন্ধন গ্রহণের লক্ষ্যে নিম্নোক্ত সময়সূচি মোতাবেক আবেদন করতে হবে।

| অনলাইনে আবেদন শুরু তারিখ | অনলাইনে আবেদন শেষ তারিখ | হার্ডকপি জমা |
|---|---|---|
| ০১ জানুয়ারি ২০২৬ | ১৫ জানুয়ারি ২০২৬ | ১৫-২০ জানুয়ারি ২০২৬ |

০৩। এমতাবস্থায়, নির্ধারিত সময়সূচি অনুসারে অনলাইনে আবেদন এবং আবেদন অনুসারে পূরণকৃত ফরমের প্রিন্ট কপির সাথে নির্ধারিত কাগজপত্র দাখিলের জন্য অনুরোধ করা হলো।

হালিমা আক্তার
রেজিস্ট্রার
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
ই-মেইল: infobnmc15@gmail.com

স্মারক নং-বিএনএমসি/প্রশা-১২৪/২০২৫-১৪৯৬ তারিখঃ ২৮ ডিসেম্বর ২০২৫ খ্রি:

**অনুলিপি:** সদয় জ্ঞাতার্থ/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
২. অতিরিক্ত সচিব (চি:শি:), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং ভাইস-প্রেসিডেন্ট, বিএনএমসি
৩. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৪. যুগ্মসচিব (নার্সিং শিক্ষা অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৫. উপসচিব (নার্সিং শিক্ষা শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৬. সহকারী প্রোগ্রামার/প্রশাসনিক কর্মকর্তা, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
৭. জনাব............................।

রেজিস্ট্রার
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

## আবেদনের নিয়মাবলি ও প্রয়োজনীয় কাগপত্র

**(ক) অনলাইনে আবেদনের নিয়ম:**

১. www.bnmc.gov.bd ওয়েবসাইট হতে অভ্যন্তরীণ ই-সেবাসমূহ অংশ হতে "PCT কোর্সের পেশাগত নিবন্ধন ফরম" অপশনে প্রবেশ করতে হবে।

২. ফরমের শুরুতে লাইসেন্স পরীক্ষায় যে মাস ও বছরে পাশ, পরীক্ষার রোল, কারিগরি শিক্ষা বোর্ডের রোল ও রেজিস্ট্রেশন এবং প্রার্থীর মোবাইল দিয়ে "Registration" বাটনে ক্লিক করলে পূর্নাঙ্গ ফরম দেখাবে।

৩. ফরমের প্রয়োজনীয় তথ্য দিয়ে অনলাইনে আবেদন দাখিলের (Submit) করলে ফরম প্রিন্ট হবে।

৪. ফরমে একই পদ্ধতিতে প্রবেশ করলে আপডেট ও প্রিন্ট করা যাবে।

**(খ) আবেদনের হার্ডকপিতে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে:**

১. অনলাইনে সংরক্ষিত ফরমের প্রিন্টকপি;

২. ফি বাবদ ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা প্রাইম ব্যাংকের যে কোনো শাখায় যৌথ পে-স্লিপের মাধ্যমে জমার বিএনএমসির কপি

৩. শিখন ঘাটতি পূরণ সংক্রান্ত ৬ (ছয়) মাসের ক্লিনিকাল প্র্যাকটিস সম্পন্নের হাসপাতাল কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি

৪. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে প্রাপ্ত ৪ বছর/৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন নার্সিং টেকনোলজি/পেশেন্ট কেয়ার টেকনোলজি কোর্সের সনদপত্র, স্টুডেন্ট রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি

৫. এসএসসি সনদপত্রের সত্যায়িত কপি

৬. উত্তীর্ণ লাইসেন্সিং পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত কপি

৭. জাতীয় পরিচয়পত্র (জাতীয় পরিচয়পত্র না থাকলে অনলাইনে জন্ম সনদ) সত্যায়িত কপি

৮. সকল কাগজপত্র আবশ্যিকভাবে যে কোন প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য:**

**ভুল/মিথ্যা তথ্য প্রদান করলে কাউন্সিল যে কোন সময় তার নিবন্ধন বাতিল করতে পারবে।**

রেজিস্ট্রার
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল